

## ৮ বেসরকারি বিশ্ববিদ্যালয়ে প্রশাসক নিয়োগ হচ্ছে

নিজস্ব বাতা পরিবেশক

আইন অমান্যকারী: অন্তত আটটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের জন্য সরকারকে প্রশাসক নিয়োগের কথা বলছেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)-এর চেয়ারম্যান অধ্যাপক ড. এতে আজাদ চৌধুরী। গতকাল গ্রাহধানীর সিরভাপ মিলনায়তনে ইউজিসি কর্তৃক আয়োজিত সেপের সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহের ম্যানেজমেন্টের জন্য অর্থায়ন প্রকল্প 'হায়ার এডুকেশন কোয়ালিটি এনহ্যান্সমেন্ট প্রজেক্ট' (হেকপ) এর ৩য় ধাপ ঘোষণা অনুষ্ঠানের সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন।

এ সময় নিয়োগ: পৃষ্ঠা: ১৫ ক: ৩

নিয়োগ: প্রশাসক

(১ম পৃষ্ঠার পর)

আরও উপস্থিত ছিলেন ইউজিসি সদস্য ড. মহম্মত খান, অধ্যাপক ড. আব্দুল হাশেম, বিশ্বব্যাংকের টাঙ্ক টিম লিডার ড. এম মোমেনুল হুদা, বিশ্বব্যাংকের কনসালটেন্ট আসহাবুর রহমান প্রমুখ। সংবাদ সম্মেলনে বাগত বক্তব্য রাখেন হেকপ'র প্রকল্প পরিচালক কানিজ ফাতেমা।

সংবাদ সম্মেলনে ইউজিসি-এর চেয়ারম্যান ড. এতে আজাদ চৌধুরী বলেন, আট থেকে নয়টি প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে অধিবেশ কার্যক্রম বন্ধ করার জন্য প্রশাসক নিয়োগের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে বিশ্ববিদ্যালয়গুলোর আচার্য রাষ্ট্রপতি আবদুল হামিদকে অনুরোধ করা হবে। বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০ অনুযায়ী যেখানে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর কোন শাখা বা নতুন ক্যাম্পাস খুলতে নিষেধ আছে সেখানে কিছু বিশ্ববিদ্যালয় আইন অমান্য করে নতুন শাখা খুলেছে বলে জানান তিনি।

একে আজাদ বলেন, ইউজিসি বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর বর্ধিত ফির ব্যাপারে কঠোরভাবে কাজ করছে বলে জানান তিনি। এ সময় বিশ্বমানের জ্ঞানসমৃদ্ধ সমাজ গঠনে বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষণ ও গবেষণার মান উন্নয়নের মাধ্যমে দক্ষ মানবসম্পদ সৃষ্টি আমাদের জাতীয় উন্নয়নের ও অতিপ্রায় বলে মন্তব্য করেন তিনি।

আজাদ চৌধুরী বলেন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের অধীনে হায়ার এডুকেশন কোয়ালিটি এনহ্যান্সমেন্ট প্রজেক্ট'র (হেকপ) মাধ্যমে জ্ঞান সমৃদ্ধ সমাজগঠনে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান তথা বিশ্ববিদ্যালয়গুলোর বিভিন্ন ক্ষেত্রে ব্যাপক উন্নয়ন ঘটেছে। মুক্তিযুদ্ধের চেতনায় দক্ষ মানবসম্পদ তৈরিতে আগামী ১০ দশকের বিদ্যমান বিশ্ব ব্যাংকের সঙ্গে সরকারের মধ্যে তৃতীয় ধাপের চুক্তি করতে যাচ্ছে বলে জানান তিনি।